কম্পিউটারের সাধারণ কিছু সমস্যা ও তার সমাধান

সমস্যা	ধরন	কারণ	সমাধান
১. কম্পিউটার চালু হচ্ছে না	হার্ডওয়ার	১. পাওয়ার সাপ্লাইয়ে সমস্যা ২. পাওয়ার বাটনের সমস্যা ৩. র‍্যামের সমস্যা ৪. প্রসেসরের সমস্যা	১. পাওয়ার সাপ্লাই ঠিক আছে কিনা এবং প্রয়োজনীয় সব ক্যাবল লাগানো আছে কিনা চেক করুন। ২. কেসিং এর পাওয়ার বাটন চেক করুন। ৩. ইন্টারনাল স্পীকার একের অধিক বীপ আওয়াজ ক্রমাগত করলে বুঝতে হবে র‍্যামের সমস্যা। র‍্যাম বদলাতে হবে। ৪. প্রসেসর ঠিকমতো বসানো আছে কিনা এবং কুলিং ফ্যান চেক করুন।
২. কম্পিউটার বারবার রিস্টার্ট হচ্ছে	সফটওয়ার	১. ভাইরাসের কারণে ২. এন্টিভাইরাসের সমস্যার কারণে ৩. কোনো বিশেষ অসামঞ্জস্যপূর্ণ সফটওয়ার ইন্সটলের কারণে ৪. অপারেটিং সিস্টেমের সমস্যার জন্য	১. এন্টিভাইরাস দিয়ে পুরো পিসি ভালো করে স্ক্যান করুন। ২. একাধিক এন্টিভাইরাস পিসিতে ইন্সটল করবেন না। ৩. যদি বিশেষ কোনো সফটওয়ার ইন্সটল করার পর থেকে সমস্যাটি দেখা দিয়ে তাহলে সেটি মুছে ফেলুন।
	হার্ডওয়ার	১. র‍্যাম ২. পাওয়ার সাপ্লাই ৩. কুলিং ফ্যান ৪. নতুন হার্ডওয়ার ৫. ধুলাবালি	১. কখনোই ভিন্ন ভিন্ন বাস স্পীডের র‍্যাম ব্যবহার করবেন না। ২. র‍্যামটি খুলে অন্য স্লটে লাগিয়ে দেখুন। ৩. বিদ্যুতের উঠানামার জন্য এমনটা হলে ইউপিএস ব্যবহার করুন। ৪. প্রসেসর কুলিং ফ্যান ঠিকমতো ঘুরছে কিনা তা পরীক্ষা করুন। ৫. নতুন কোনো হার্ডওয়ার লাগানোর পর থেকে যদি সমস্যার শুরু হয় তাহলে সেটি খুলে ফেলুন। ৬. কম্পিউটারের কেসিং এর ভেতরটা ধুলাবালি মুক্ত রাখুন।
৩. উইন্ডোজ চালু হতে বেশি সময় নিচ্ছে	সফটওয়ার	১. স্টার্টআপে প্রোগ্রামের সংখ্যা বেশি	১. স্টার্ট মেনু বা রানে গিয়ে MSCONFIG লিখে এন্টার দিন। স্টার্ট আপ ট্যাব থেকে অপ্রয়োজনীয় প্রোগ্রাম আনচেক করুন।
৪. কম্পিউটার বারবার হ্যাং করছে	সফটওয়ার	১. ভাইরাস ২. একাধিক এন্টিভাইরাস	১. এন্টিভাইরাস দিয়ে পিসি ভালোমতো স্ক্যান দিন। ২. একসাথে একের অধিক এন্টিভাইরাস পিসিতে ইন্সটল করবেন না।
	হার্ডওয়ার	১. র‍্যাম	১. র‍্যাম ঠিকমতো স্লটে বসানো আছে কিনা দেখুন। ২. একই বাসস্পীডবিশিষ্ট র‍্যাম ব্যবহার করবেন।
৫. কম্পিউটার স্লো হয়ে গেছে	সফটওয়ার	১. ভাইরাস ২. অপ্রয়োজনীয় প্রোগ্রাম ৩. সি ড্রাইভে অপর্যাপ্ত স্পেস	১. এন্টিভাইরাস দিয়ে পিসি স্ক্যান করুন। ২. খুব বেশি এপ্লিকেশন বা সফটওয়ার পিসিতে ইন্সটল করবেন না। ৩. সি ড্রাইভ বা উইন্ডোজের ড্রাইভে ২০% স্পেস সবসময় খালি রাখবেন।
	হার্ডওয়ার	১. র‍্যাম ২. ধুলাবালি	১. কম্পিউটারের ভেতর এবং আশপাশ সবসময় ধুলাবালি মুক্ত রাখবেন। ২. উষ্ণ কোনো স্থানে কম্পিউটার রাখবেন না। ৩. প্রয়োজনের চেয়ে র‍্যামের মেমোরির পরিমাণ কম।
৬. কম্পিউটারের ঘড়ির সময় ঠিক থাকছে না	হার্ডওয়ার	১. মাদারবোর্ড পুরাতন হলে বায়োসের ব্যাটারী ডাউন হবার কারণে	১. কম্পিউটার মাদারবোর্ডে থাকা বায়োসের কয়েন সদৃশ ব্যাটারীটি বদলে দিতে হবে।

৭. কম্পিউটারের ডিসপ্লেতে কিছু আসছে না	হার্ডওয়ার	১. র‍্যামের সমস্যা ২. গ্রাফিক্স কার্ডের সমস্যা ৩. কানেকশনের সমস্যা	১. মনিটরের পাওয়ার এবং সিপিইউ'র ডিসপ্লে আউটপুট থেকে মনিটর পর্যন্ত সব কানেকশন ঠিক আছে কিনা চেক করুন। ২. র‍্যামের স্লট পরিবর্তন করে বসালেও এ সমস্যা মাঝেমাঝে ঠিক হতে পারে। ৩. যদি কম্পিউটার অন করার পর ইন্টারনাল সিস্টেম স্পীকার তিনবার ছোটো ছোটো বীপ করে তাহলে বুঝতে হবে গ্রাফিক্স কার্ডের সমস্যা। আপনার গ্রাফিক্স কার্ড চেক করুন। ৪. বায়োস রিসেট দিন।
৮. কম্পিউটার হার্ডডিস্ক পাচ্ছে না	হার্ডওয়ার	১. কানেকশনে সমস্যা ২. বায়োসের সেটিংস ৩. হার্ডডিস্কের সমস্যা	১. হার্ডডিস্কের সাথে মাদারবোর্ডের কানেকশন ঠিক আছে কিনা দেখুন। ২. বায়োসের সেটিংস এ হার্ডডিস্ক ঠিকমতো দেখাচ্ছে কিনা দেখুন। ডিফল্ট সেটিং ব্যবহার করুন। ৩. হার্ডডিস্ক পুরাতন হলে বা ব্যাড সেক্টর পড়লে নতুন হার্ডডিস্ক ব্যবহার ছাড়া উপায় নেই।
৯. কীবোর্ডের কী কাজ করছে না	হার্ডওয়ার	১. ধুলাবালি/তরল পদার্থের জন্য ২. কী বোর্ড পুরাতন হয়ে গেলে।	১. ধুলাবালি পরিস্কার করে শুষ্ক স্থানে রাখুন। ২. নতুন কীবোর্ড ব্যবহার করাই ভালো।
	সফটওয়ার	১. কীবোর্ড সেটিংসের সমস্যা	১. কন্ট্রোল প্যানেলে গিয়ে কীবোর্ড সেটিং চেক করুন।
১০. বাংলা পড়া যাচ্ছে না	সফটওয়ার	১. দরকারি বাংলা ফন্ট নেই	১. প্রয়োজনীয় সকল ফন্ট কপি করে ফন্ট ফোল্ডারে পেস্ট করতে হবে।
১১. ইউপিএস ব্যাকআপ দিচ্ছে না	হার্ডওয়ার	১. ব্যাটারী পুরাতন	১. যদি ইউপিএস পুরাতন হয়ে থাকে তাহলে ইউপিএস-এ থাকা ব্যাটারী পরিবর্তন করুন। ২. নতুন ইউপিএস এ এই সমস্যা হলে সার্কিটের কারণে তা হতে পারে।
১২. প্রিন্টার কাজ করছে না	সফটওয়ার	১. ড্রাইভার ২. ডিফল্ট প্রিন্টার সেটিংস	১. আপডেটেড প্রিন্টার ড্রাইভার ব্যবহার করতে হবে। ২. ডিফল্ট প্রিন্টার সেটিংস চেক করতে হবে।
	হার্ডওয়ার	১. লুজ কানেকশন	১. প্রিন্টারের সাথে ইউএসবি পোর্টের কানেকশন চেক করুন। ২. ইউএসবি পোর্ট পরিবর্তন করে দেখুন।
			১. প্রিন্টারের অফ করে পিসি থেকে ক্যাবল খুলে কিছুক্ষণ পর আবার লাগিয়ে অন করুন। ২. নোটিফিকেশন এরিয়ার প্রিন্টার ডকুমেন্ট লিস্ট থেকে জমে থাকা ফাইল মুছে ফেলুন।
			১. কাগজ ঠিকমতো সাথে আছে কিনা চেক করুন। প্রিন্টারের কাগজ টানতে যেন কোনো সমস্যা না হয়। ২. প্রিন্টার খুলে কার্ট্রিজ চেক করুন এবং প্রয়োজনবোধে খুলে আবার লাগান। নতুনভাবে কার্ট্রিজ লাগানোর পর প্রিন্টার সফটওয়ার দিয়ে আবার এলাইনমেন্ট ঠিক করুন।

১৩. কম্পিউটারে ভাইরাস থাকলে তা কিভাবে বুঝবো এবং সমাধান করব	সফটওয়ার	১. কম্পিউটার স্লো হয়ে যাবে ২. কাজ করার সমস্য হঠাৎ সেটি আটকে যাবে/হ্যাং করবে ৩. কম্পিউটার চালু হতে বেশি সময় লাগবে ৪. যখন-তখন কম্পিউটার রিস্টার্ট দিতে পারে ৫. কন্ট্রোল প্যানেল/ফোল্ডার অপশন হাইড হয়ে যেতে পারে। ৫. ড্রাইভ বা ফোল্ডার লক হয়ে যেতে পারে।	১. ইন্টারনেট ব্যবহারে সতর্ক থাকা। ২. যেকোনো পেনড্রাইভ বা মোবাইল ফোন পিসিতে সংযুক্ত করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন। ৩. এন্টিভাইরাস ব্যবহার করা। ৪. পেন ড্রাইভ পিসিতে ঢুকানো আগে স্ক্যান করে নেয়া। ৫. আক্রান্ত ড্রাইভ ফরম্যাট করা। ৬. রেজিস্ট্রি টুলস ব্যবহার করে বিভিন্ন অপশন ফেরত আনা যায়। ৭. অপারেটিং সিস্টেম নতুন করে ইন্সটল করা।